দৈনিক সংবাদ

তারিখ 18 JAN 1986

পৃষ্ঠা 7 কলাম 3

6

# ধ্বংসের মুখে রংপুরের পাবলিক লাইব্রেরী

রংপুর, ১৫ই জানুয়ারী (জেলা বার্তা পরিবেশক)।--ঐতিহ্যবাহী রংপুর পাবলিক লাইব্রেরী সঠিকভাবে পরিচালনার অভাবে ধ্বংস হয়ে যাচ্ছে।

এক সময়ে এই লাইব্রেরীতে সকল জাতীয় দৈনিক, সাপ্তাহিক ও মাসিক পত্রিকাসহ সব ধরনের বই পাওয়া যেত। বর্তমানে এখানে দু'একটি পত্রিকা ছাড়া অন্য কোন সাপ্তাহিক ও মাসিক পত্রিকা রাখা হয় না। ১৮৫৪ সালে এই লাইব্রেরীর জন্ম থেকে ১৯৭০ সাল পর্যন্ত এখানে কয়েক হাজার দেশী-বিদেশী বইয়ের সমাহার ছিল। বর্তমানে পাঠকরা বই খুঁজে পান না। বর্তমান কর্তৃপক্ষের একটাই অভিযোগ: স্বাধীনতা যুদ্ধের সময় সব লুট হয়ে গেছে। এই অজুহাত দেখিয়ে গত ১৪টি বছর কেটে গেল, কিন্তু লাইব্রেরীর বইও বৃদ্ধি করা হয়নি এবং তার উদ্যোগও নেয়া হচ্ছে না। বর্তমানে এটি পরিচালনার জন্য একটি কমিটি আছে। সেসব সদস্য মাসে দু'একদিন ছাড়া অথবা কমিটির সভা ছাড়া লাইব্রেরীতে পা রাখেন না। বিরাট আকারের এই লাইব্রেরীর কিছু অংশ যাদুঘরের কাছে ছেড়ে দেয়া হয়েছে। কেন ছেড়ে দেয়া হলো? এর উত্তর কেউ দিতে রাজী নয়। লাইব্রেরীর বর্তমান অবস্থা সম্পর্কে কমিটির কেউ মুখ খুলতে রাজী নন। সদস্য সংখ্যা আগে কত ছিল, এখন কত তাও নাকি গোপন ব্যাপার, প্রকাশ করলে নাকি লাইব্রেরীর ক্ষতি হবে।

লাইব্রেরীর অধিকাংশ কক্ষে বর্ষার দিনে পানি পড়ে। সব বই ভিজে নষ্ট হয়ে যায়; কিন্তু সংস্কার করার কোন উদ্যোগ নেই। যাদুঘরের কাছে যে বিরাট হলরুমটি ছেড়ে দেয়া হয়েছে সরকারী খরচে তার ছাদ ঢালাই করা হয়। অভিযোগ করা হয়েছে বর্তমান কমিটির সদস্যরা ২৬।২৮ ফুট লম্বা ও দেড় ফুট প্রশস্ত ঘাটের বীমগুলো বিক্রি করে দিয়েছেন, তার অর্থ জমা করা হয়নি। একটি টেলিভিশন সেট ছিল, তা বিক্রি করা হয়েছে, কিন্তু তার অর্থও জমা হয়নি। বিভিন্ন সময়ে সরকারী-বেসরকারী উদ্যোগে বেশ কিছু প্রতিষ্ঠান অর্থ সাহায্য দিয়েছে এবং ১৯৭০ সালের ১২/১৩ হাজার টাকার ডিফেন্স সার্টিফিকেট ছিল তাও খুঁজে পাওয়া যাচ্ছে না। আগে নতুন বই কেনা হলে বাইরে নোটিশ বোর্ডে তালিকা দেয়া হতো। এখন তা করা হয় না। এই লাইব্রেরীতে ব্যবহারের জন্য একটি হলরুম আছে। তা থেকে মাসিক আয় কত হয় বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে ভাড়া দিয়ে তা কেউ জানে না। বার্ষিক কত আয় ও ব্যয় হয় তার হিসাবও বিগত ১৪ বছর থেকে দেয়া হয় না।

## চোরাই মহিষ উদ্ধার

সম্প্রতি শিবগঞ্জ থানার পুলিশ মোকামতলা ইউনিয়নের গণেশপুর গ্রাম থেকে এক জোড়া চোরাই মহিষ উদ্ধার করেছে।

এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে ২ ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।